

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬২৬

পানিসাগর, ২৮ অক্টোবর, ২০২৪

পানিসাগরে আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস উদযাপিত

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে সম্প্রতি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে পানিসাগর মহকুমাভিত্তিক আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষে পানিসাগর বিদ্যালয় পরিদর্শক কার্যালয়ের সভাকক্ষে আলোচনাচক্র ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এই অনুষ্ঠানের সূচনা করেন পানিসাগর মহকুমা প্রশাসনের ডিসিএম অনিরুদ্ধ দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর বিদ্যালয় পরিদর্শক সুজিৎ রুদ্রপাল, দামছড়া বিদ্যালয় পরিদর্শক সুজিৎ কান্তি দেববর্মা, পানিসাগর সরকারী ইংরেজী মাধ্যমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পিনাক পাল প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ আন্তর্জাতিক বিপর্যয় প্রশমন দিবসের গুরুত্ব নিয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে অনুষ্ঠিত হয় ওপেন কুইজ প্রতিযোগিতা। এছাড়া এই দিবসটি উদযাপন উপলক্ষে গত ২৪ অক্টোবর পানিসাগরস্থিত রামকৃষ্ণ বিদ্যামন্দির প্রাঙ্গণে নার্সারী থেকে দ্বাদশ শ্রেণী পর্যন্ত বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
